

অমৃতবাজার পত্রিকা

দেশসেরা ব্র্যাক বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় ড্যাফোডিল

অমৃতবাজার ডেস্ক

প্রকাশিত: ০১:০৫ পিএম, ০৬ জানুয়ারি ২০২০, সোমবার



বাংলাদেশের সেরা ১০ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান দখল করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। গবেষণায় দ্বিতীয় হয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। সম্প্রতি যুক্তরাষ্ট্রের স্ক্রুপাস এই তালিকা প্রকাশ করেছে।

গবেষণাপত্রের উল্লেখযোগ্য তিনটি বিষয়ের মধ্যে ছিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সাইন্স এবং মেডিসিন। এর ভিত্তিতে ২০২০ সালের জন্য এই সেরা তালিকা প্রকাশ করেছে স্ক্রুপাস।

এছাড়াও সরকারি-বেসরকারি মিলিয়ে দেশের সেরা ১০টি গবেষণা প্রতিষ্ঠানের তালিকায়ও এই দুটি বিশ্ববিদ্যালয়ের নাম উঠে এসেছে। এর মাধ্যমে এ বছরই প্রথম কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় দেশের সেরা ১০টি গবেষণা প্রতিষ্ঠানের তালিকায় জায়গা করে নিলো।

ফলাফলে দেখা গেছে, নর্থ সাউথ ইউনিভার্সিটি তৃতীয় অবস্থানে রয়েছে। এছাড়াও আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ চতুর্থ এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি পঞ্চম অবস্থানে উঠে এসেছে। এই জরিপে ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি চিটাগাং ষষ্ঠ, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি সপ্তম, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ অষ্টম ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নবম এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক দশম অবস্থানে রয়েছে। সাইন্টিফিক বাংলাদেশ এর ওয়েবসাইটে এ তালিকা প্রকাশ করা হয়েছে।

উল্লেখ্য, বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে ১০৫টি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) প্রকাশিত তালিকা থেকে এ তথ্য পাওয়া গেছে।

